ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫২৫০
করবুক,১৯ মার্চ,২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

৪৩-করবুক (এসটি) বিধানসভা কেন্দ্রে মোট ভোটার ৪১,৪৮৭ জন

২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা কেন্দ্রের নির্বাচন আগামী ২৬ এপ্রিল অনুষ্ঠিত হবে। ৪৩-করবুক (এসটি) বিধানসভা কেন্দ্রটি এই লোকসভা আসনের অন্তর্গত। আজ করবুক মহকুমা শাসকের কার্যালয়ের কনফারেন্স হলে সাংবাদিক সম্মেলনে মহকুমা শাসক তথা অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার পার্থ দাস জানান, করবুক বিধানসভা কেন্দ্রে মোট ভোটার রয়েছেন ৪১ হাজার ৪৮৭ জন। এরমধ্যে পুরুষ ভোটার ২০ হাজার ৯৫৮ জন এবং মহিলা ভোটার ২০ হাজার ৫২৯ জন। মহকুমায় ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৪৭টি। এরমধ্যে স্পর্শকাতর ভোটকেন্দ্র রয়েছে ১১টি। ২টি ভোটকেন্দ্রে ভোটদান প্রক্রিয়া মহিলাদের দ্বারা পরিচালিত হবে। যুবকদের দ্বারা পরিচালিত হবে ১টি এবং দিব্যাঙ্গজনদের দ্বারা পরিচালিত হবে ১টি ভোটকেন্দ্র। থাকবে ২টি মডেল ভোটকেন্দ্র। ডুম্বুর জলাশয়ের নিকটবর্তী ২টি ভোটকেন্দ্রে ভোটদানের জন্য ভোটারদের নৌকায় চেপে আসতে হবে। তাছাড়া, ২টি ভোটকেন্দ্রে মোবাইল নেটওয়ার্ক পরিষেবা না থাকায় ওয়্যারলেসের মাধ্যমে যোগাযোগের ব্যবস্থা করা হবে। নির্বাচন উপলক্ষে মহকুমায় নাকা পয়েন্ট রয়েছে ৩টি। এছাড়া, ভোটারদের সুবিধার্থে কমপ্লেইন সেল খোলা হয়েছে। যার নম্বর ০৩৮২১-২৯৪৮২, ৬০০৯৫৫৭২৪৫ (হোয়াটসঅ্যাপ)।

তিনি আরও জানান, করবুক মহকুমায় ৭৭ কিলোমিটার ভারত-বাংলাদেশ সীমান্ত থাকায় যাতে কোনও ধরণের অনুপ্রবেশ না ঘটে তাই সীমান্ত রক্ষী বাহিনীর ২১টি বিওপি দ্বারা নজরদারি রাখা হচ্ছে। এছাড়াও, আজ মহকুমা শাসকের কনফারেন্স হলে পুলিশ প্রশাসনের অধিকারিকগণ, সেক্টর অফিসারগণ সহ বিভিন্ন রাজনৈতিক দলের সদস্যদের নিয়ে নির্বাচন সংক্রান্ত বিষয়ে এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। সভায় মহকুমা শাসক আসন্ন লোকসভা নির্বাচনের নির্বাচনবিধি সম্পর্কে সকলকে অবহিত করেন। আজকের এই সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন ডিসিএম অনুরাগ দেববর্মা।

*****